গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
**www.sarishabari.jamalpur.gov.bd**

**উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর মার্চ, ২০২২ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম। তারিখ ঃ ২১-০৩-২০২২খ্রিঃ,
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি মৌসুমে ১৮৬২৫ হেক্টর জমিতে বোরো ধান আবাদ হয়েছে ।এছাড়া মাঠে প্রদর্শনীসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান । বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে । | উপজেলা চেয়ারম্যান বলেন, মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | ক. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, কনসালটেন্ট এর ১০ টি পদের মধ্যে ৮টি শূন্য রয়েছে । উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করন । হাসপাতাল ও আবাসন মেরামত কাজ শুরু করার বিষয়ে অবহিত করেন ।<br>খ. কোভিড ভ্যাকসিন বুস্টার ডোজ টিকাপ্রদান,এবং গণটিকা কার্যক্রম আবার চালু করা হয়েছে । টিকা প্রদানের কাজ চলমান আছে । উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন উক্ত টিকা প্রদানের সময় কোন ব্যক্তি বিশৃংঙ্খলা সৃষ্টি তার জন্য উপজেলা স্বাস্থ্য বিভাগকে সজাগ থাকার আহবান জানান । | ক. শুন্য পদ পুরণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অবহিত করতে হবে ।<br>খ. টিকা প্রদানের সময় যেন কোন ব্যক্তি হাসপাতালে কোনপ্রকার বিশৃংঙ্খলা না করতে পারে তার জন্য উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পদক্ষেপ নিতে বলা হল। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন, গবাদি পশু ও হাঁস-মুরগীর বিভিন্ন সংক্রামক রোগের টিকা প্রদান গবাদি প্রাণি = ২৯,১৬৬ মাত্রা হাঁস মুরগীর ৫,০৭,৪০০ মাত্রা টিকা প্রদান করা হয়েছে এবং গবাদি প্রাণি = ২৩,৯৫০ ও হাঁস-মুরগী = ২,৭৭,০৮০ চিকিৎসা প্রদান করা হয়েছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. বিভিন্ন ভাইরাস জনিত রোগের প্রার্দুভাব রোধে খামারীদের সতর্কতা মূলক উঠান বৈঠক ও লিফলেট বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে,০১। পয়লা নভেম্বর/২০২১ হতে ৩০ জুন/২০২২ পর্যন্ত জাটকা নিষিদ্ধ সময়কালের অংশ হিসেবে বাজার মনিটরিং, লিফলেট বিতরণ ও মাছ বাজারে ব্যানার লাগানোর মাধ্যমে প্রচারণা চলছে।<br>০২। লাইসেন্স বিহীন মৎস্য খাদ্য বিক্রয় দোকান গুলোতে লাইসেন্স নবায়নের নোটিশ প্রদান করা হয়েছে। ০৩। অত্র উপজেলার পৌরসভা/বিভিন্ন ইউনিয়ন হতে অত্র দপ্তরে অফিসে আগত ২২ জন মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান ।<br>০৪। দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. পয়লা নভেম্বর/২০২১ হতে ৩০ জুন/২০২২ পর্যন্ত জাটকা নিষিদ্ধ সময়কালের অংশ হিসেবে বাজার মনিটরিং এবং অভিযান/মোবাইল কোর্ট করা প্রয়োজন। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার। |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ADP এর ১ম, ২য়ও ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়াছে । প্রকল্প বাছাই এর কাজ চলমান । এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে । | ক. সরিষাবাড়ী,উপজেলা প্রকৌশলী সভায় বলেন, , ADP এর ১ম, ২য়ও ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়াছে । প্রকল্প বাছাই এর কাজ চলমান দ্রুতশেষ করতে হবে । | উপজেলা প্রকৌশলী, এলজিইডি। |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ । | গত ০২ মার্চ,২০২২ খ্রিঃ তারিখ হতে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়/বেসরকারি প্রাথমিক বিদ্যালয়/কিন্ডারগার্টেন/প্রাথমিক বিদ্যালয়ে সশরীরে সকল শ্রেণিতে স্বাভাবিক পাঠদান শুরু হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গত ১৫ মার্চ,২০২২ হতে প্রাক-প্রাথমিক শ্রেণির পাঠদান দীর্ঘ দুই বছর পর শুরু হয়। বিভিন্ন বিদ্যালয়ে উৎসবমুখর পরিবেশে ক্ষুদে শিক্ষার্থীদের বরণ করেন। শিক্ষার্থীদের করোনাকালীন সুরক্ষা, নিরাপত্তা ও বিদ্যালয়ের সার্বিক পরিবেশ পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত করার জন্য প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে USAID এর সহায়তায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে পর্যাপ্ত পরিমাণ মাস্ক,স্যানিটাইজার,সাবান ও ব্লিচিং পাউডার বিতরণ করা হয়। চেয়ারম্যান,উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার,সরিষাবাড়ী মহোদয় বিতরণ কর্মসূচীর উদ্বোধন করেন।<br>বিদ্যালয়ের পরিস্কার-পরিচ্ছন্নতা, বিদ্যালয়ের সম্পদ রক্ষণাবেক্ষণ করার জন্য শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও জমির তথ্য হালনাগাদ করণ এবং সীমানা চিহ্নিতকরণ, উন্নয়ন কার্যক্রম শতভাগ বাস্তবায়ন এবং শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে শিক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে। দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | ক. ০২ মার্চ,২০২২ খ্রিঃ তারিখ হতে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়/বেসরকারি প্রাথমিক বিদ্যালয়/কিন্ডারগার্টেন/প্রাথমিক বিদ্যালয়ে স্ব-শরীরে সকল শ্রেণিতে স্বাভাবিক পাঠদান শুরু হয়েছে।<br>প্রাথমিক বিদ্যালয়ে USAID এর সহায়তায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে পর্যাপ্ত পরিমাণ মাস্ক,স্যানিটাইজার,সাবান ও ব্লিচিং পাউডার বিতরণ করা হয়।<br>ও অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে শিক্ষকগণকে নির্দেশ মোতাবেক কাজ করার জন্য বলা হল । | ক. উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক. গত ১৫ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ হতে নিয়মিত পাঠদান অব্যাহত আছে । এ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় হতে নির্দেশনা সকল প্রতিষ্ঠানে অবহিত করা হয়েছে । সমন্বিত উপবৃত্তি কার্যক্রম ২০২২ এর ৬ষ্ঠ এবং ২০২১-২২ শিক্ষাবর্ষের ১১শ শ্রেনির উপবৃত্তি যোগ্য শিক্ষার্থী নির্বাচন ও তথ্য এন্টির কাজ চলমান আছে । মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের লক্ষ্যে সকল প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা হয়েছে । উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (UGDP)এর আওতায় সক্ষমতা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে অত্র উপজেলা মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিষয়ে শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরি বিষয়ক প্রশিক্ষণ ২২/০৩/২০২২ খ্রিঃ তারিখ হতে (২ব্যাচ) শুরু হবে ।এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে | ক. গত ১৫ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ হতে নিয়মিত পাঠদান অব্যাহত রাখা । এ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় হতে নির্দেশনা সকল প্রতিষ্ঠানে অবহিত করা হয়েছে। এবং যথাযথ তদারকি করতে হবে । উপবৃত্তি যোগ্য শিক্ষার্থী নির্বাচন ও তথ্য এন্টির কাজ সঠিক ভাবে করতে হবে । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিস। | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত অসচ্ছল প্রতিবন্ধী ভাতার ২০২১-২২ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দ সহ নিয়মিত বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, এবংঅসচ্ছল প্রতিবন্ধী ভাতার ২০২১-২২ অর্থ বছরের ২ য় কিস্তির অক্টোবর-২০২১ হতে ডিসেম্বর-২০২১ পযন্ত পে-রোল প্রেরণ করা হয়েছে। এপ্রিলের ১ম সপ্তাহে ৩য় কিস্তির প্রেরণ করা হবে । উল্লেখিত ভাতার তালিকা স্ব-স্ব ইউনিয়ন কমিটির নিকট প্রেরণ করা হয়েছে । তালিকার কোন ভাতা ভোগি | ক. সকল প্রকার ভাতা বিতরণের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে এবং বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, এবং অস্বচ্ছল প্রতিবন্ধী, ভাতাভোগী যথাযথ নিয়মে দ্রুত প্রতিস্থাপন করতে হবে। এছাড়া ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইড, | ক.উপজেলা সমাজসেবা অফিসার। |

| নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ইতোমধ্যে মৃত্যু বরণ করে থাকলে নীতিমালার আলোকে তা প্রতিস্থাপনের জন্য ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ সুপারিশ আকারে উপজেলা সমাজসেবা অফিসার বরাবর দ্রুত সময়ের মধ্যে প্রেরনের জন্য অনুরোধ করেন। প্রতিবন্ধী ব্যক্তির শনাক্ত করণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিড দগ্ধ প্রতিবন্ধী পুর্নবাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজ, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদনের হার্ড কপি প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্টদের জমা প্রদান করতে হবে।<br>এছাড়া ও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করতে উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগের জন্য । | |
| ০৯ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ১০৯, মোট সম্পাদন ১২৬৬, সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে-৮ টি, মোট সম্পাদন ২৩ টি, সমবায় বিষয়ক প্রশিক্ষণ প্রদান ৮ জন,অডিট সেস আদায় ১১২০/- মোট সম্পাদন ১৪২১০/- ,সমবায় উন্নয়ন তাহবিল আদায় ৫৫৬/- মোট সম্পাদন ৪৭৭৪/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ১৫টি, মোট সম্পাদন ৩৮ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ০৪টি, মোট সম্পাদন ১৫ টি, সমবায় সমিতি তদারকী করন চলতি মাসে-৯ টি, মোট সম্পাদন ২৪ টি,সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ১টি মোট ১২ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৯৮,০০০/-/- মোট সম্পাদন ৯,১৪,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ৩০০/-, মোট সম্পাদন ২১/-, সমবায়ীদের অবহিত করন সভা অনুষ্ঠান চলতি মাসে- টি মোট সম্পাদন - ৪ টি। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিসার। | উপজেলা যুবউন্নয়ন অফিসার সভায় জানান যে, চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৪টি ব্যাচে ৩০ জন করে ৪২০ জন। চলতি অর্থ বছরে ফেব্রুয়ারি/২০২২ খ্রিঃ পর্যন্ত ১১ টি ব্যাচে ৩০ জন করে মোট ৩৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচীর আওতায় লক্ষ্য মাত্রা ২টি কেন্দ্র। একটি কেন্দ্র গঠন করা হয়েছে এবং একটি কেন্দ্র গঠনের কাজ প্রক্রিয়াধীন। চলতি অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা ৩২,৬০,০০০/= ( বত্রিশ লক্ষ ষাট হাজার) টাকা। চলতি অর্থ বছরে ফেব্রুয়ারি/২০২২ খ্রিঃ পর্যন্ত ৭৬ জন যুব/যুব মহিলার মাঝে ২১,০০,০০০/= ( একুশলক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। অফিসের অন্যান্য কাজকর্ম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | ক. উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ক. উপজেলা পরিবার পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন ফেব্রুয়ারি/২০২২ ইং মাসের নিম্নোক্ত সেবা প্রদান করা হয় । মোট সক্ষম দম্পতি - ৬৭৪৬৩ জন,পুরুষ বন্ধাকরণ - ০০ জন, মহিলা বন্ধাকরণ-২২ জন, আই. ইউ. ডি ৩৭ জন , ইমপ্লান্ট-৭১ জন, ইনজেকশন ১৪৭৭ ভয়েল, খাবার বড়ি (সুখী) ১৫৯২৭ চক্র. খাবার বড়ি (আপন) ৮৪ চক্র, কনডম- ২৬৫৮১ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | মার্চ/২০২২ ইং মাসের অত্র উপজেলার ০৮ টি ইউনিয়নের ভিজিডি'র ডিও প্রদান করা হয়েছে।<br>ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন প্রশিক্ষণ কার্যক্রম ১৩তম ব্যাচের প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত করা হয়েছে এবং ১৪তম এবং ১৫তম ব্যাচের অনলাইন আবেদন আগামী ২৪/০৩/২০১৬ ইং তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে এবং ২৮/০৩/২০২২ ইং তারিখে মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষনার্থী বাছাই করা হবে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে।<br>ভিজিডি, মাতৃত্ব ভাতা ও ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল সুবিধাভোগীদের দায়িত্ব প্রাপ্ত এনজিও'র মাধ্যমে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ক. উপজেলা০৮টি ইউনিয়নের ভিজিডি'র ডিও প্রদান করা হয়েছে এবং যথা নিয়মের মধ্যে মাল উত্তোলন ও বিতরণ করতে হবে । প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডি বি) | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রকল্প/ কর্মসূচির কাজ সুষ্ঠভাবে বাস্তবায়িত হচ্ছে। মূলকর্মসূচি আর্বতক, মহিলা উন্নয়ন কর্মসূচি, সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক) পল্লী প্রগতি প্রকল্প, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্নকর্মসংস্থান কর্মসূচি, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাত করণ কর্মসূচি এবং অংশী দারিত্ব মূলক প্রকল্প ( পিআরডিপি-৩) এর কার্যক্রম ঋণ বিতরণ, ঋণ আদায়, শেয়ার জমা, সঞ্চয় জমা ও প্রশিক্ষণ যথাযথভাবে পরিচালিত হচ্ছে । ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আলেকে মাঠ পর্যায়ের কার্যক্রম এগিয়ে যাচ্ছে । মাঠ পর্যায়ে খেলাপী টাকা আদায়ে মাঠ কমীদের কার্যক্রম জোরালো ও মনিটরিং জোরদার করা হয়েছে । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় বলেন ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ- সমিতির সংখ্যা ১০৮ টা, মোট সদস্য সংখ্যা- ৫৮৮২ জন,চলতি মাসে নতুন সদস্য ভর্তি- ৪০ জন, ঋন বিতরণ ৬০,০০০০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋন আদায় ৬৫,৫৫০০০/-চলতি মাসে সঞ্চয় আদায় = ২৫,০০০০০(লক্ষ টাকা) চলতি সঞ্চয় ফেরৎ ২২,০০০০০(লক্ষ টাকা) চলতি মাসে খেলাপী ১১০.৫৮(লক্ষ টাকা) , সদ্যমাঠে পাওনার ঋনের পরিমান ৪৪৭.৭৩/-(লক্ষ)টাকা। ঋন আদায়ের হার ৯৭% ।<br>নারী উদোক্তা ঋণবিতরণ ঃ মোট সদস্যসংখ্যা ১৪৬ জন চলতি মাসে ঋণবিতরণ করা হয়েছে ১৫.৯০(লক্ষ টাকা)। চলতি মাসে ঋন আদায় ১৪.৭৩(লক্ষ টাকা) চলতি মাসে ঋন আদায়ের হার ১০০%খেলাপী ঋনের পরিমান ১৬.০৫(লক্ষ) টাকা, খেলাপী থেকে আদায় ..২০(লক্ষ) মাঠে পাওনা টাকার পরিমান ১০০.০৬ টাকা।<br>উদ্যোক্তা ঋণ কার্যক্রমঃ- মোট সদস্য ১৬২ জন, চলতি মাসে নতুন উদ্যোগ ৪ জন, চলতি মাসে ঋণ বিতরণ ৩২.৫০(লক্ষ টাকা),চলতি মাসে ঋন আদায় হয়েছে ২৫.৬০(লক্ষ টাকা), চলতি মাসে ঋন আদায়ের হার ৯৯%, মোট খেলাপী ঋণের পরিমান ৩৭.৮৫ (লক্ষ টাকা), খেলাপী থেকে আদায় ৮.১০ (লক্ষ টাকা), মাঠে পাওনা ঋণের পরিমান ১৭৫.২০ (লক্ষ টাকা), তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল ঋণ আদায় কার্যক্রম চালু রাখতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন | ক. ২০২১-২০২২ অর্থ বছরের টি আর, কাবিখা, কাবিটা ১ম পর্যয়ের কাজ চলমান রয়েছে । | ক. সকল বরাদ্ধের সঠিক ভাবে বাস্তবায়ন করতে হবে । মাঠ | ক. উপজেলা প্রকল্প |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | অফিস | ২০২১-২০২২ অর্থ বছরের টিআর ২য় পর্যায়ের উপজেলা পরিষদ ভিত্তিক ৪৮,৬৩,৩৩৮.২৯ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে । নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে ৯৯,১৫,৩৩৩.৩৩ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে । ২০২১-২০২২ অর্থ বছরে ইজিপিপি প্রকল্পের কাজ ৩১ মার্চ পর্যন্ত বর্ধিত করা হয়েছে । ভূমিহীন ও গৃহহীনদের জন্য "ক"শ্রেণীর ০৩টি ঘরের কাজ সম্পন্ন হয়েছে ।১ম পর্যায়ে বীরমুক্তিযোদ্ধাদের জন্য ১১টি ঘরের কাজ চলমান রয়েছে । ২য় পর্যায়ে আরও ১১৪ টি ঘরের বরাদ্দ পাওয়া গিয়াছে । টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে । সরিষাবাড়ী পৌরসভায় টিআর ২য় পর্যায়ের ৯,৩২,৯৪৭.৭১ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে । প্রকল্প তালিকা অনুমোদ হয়েছে এবং প্রকল্পের কাজ চলমান রয়েছে । HBBপ্রকল্পের আওতায় ১ম পর্যায়ে ১.০০ কি.মি. রাস্তার বরাদ্দ পাওয়া যায় । উক্ত প্রকল্পের কাজ চলমান রয়েছে । ২য় পর্যায়ে আরও ১.০০ কি.মি. রাস্তার বরাদ্দ পাওয়া গিয়াছে টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে । | পর্যায়ে ট্যাগ অফিসারদের সঠিক ভাবে দায়িত্ব পালন করতে হবে ।<br>খ. ভূমিহীন ও গৃহহীনদের জন্য এ যাবত যতটি ঘরের বরাদ্দ পাওয়া গিয়াছে ঘরগুলোর মধ্যে ৯৫% সম্পন্ন হয়েছে ।<br>গ. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বছর গ্রামীন মাটির রাস্তার নাম করণের জন্য পত্র দিয়েছেন । অতিদ্রুত নাম করনের ব্যবস্তা করতে হবে । এছাড়া ২য় পর্যায়ে আরও ১.০০ কি.মি. রাস্তার বরাদ্দ পাওয়া গিয়াছে টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। | বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ক. সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, পল্লী অঞ্চলে পানি সরবরাহ " প্রকল্পের আওতায় ২০২০-২০২১ ইং অর্থ বছরের বরাদ্দকৃত ১৪ (চৌদ্দ) টি সাবমার্সিবল পাম্প ও জলাধারসহ অগভীর নলকূপের সাইট সিলেকশন কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরাসন প্রকল্পের আওতায় আর্সেনিক স্কিনিং এর জন্য ইউনিয়নসমূহে স্থানীয় "নলকূপ পরীক্ষক/ তথ্য সংগ্রহক(Tester)সম্পৃক্তকরণের লোকবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং তাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান । | ক. সমগ্র দেশে নিরাপদ পানি সবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরের বরাদ্দ বিভাজন অনুযায়ী বন্টন করতে হবে । | ক. সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |
| ১৭ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | অনুপস্থিত থাকায় তাদের দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | | পরিবেশ ও বন কর্মকর্তা |
| ১৮ | আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | ক. পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট=২০২ টি সমিতিতে ১১৩০১জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। ব্যাংকের মোট সঞ্চয় আদায়=৪৫৫৮৫০৯৮২/-টাকা।মোট ঋণ বিতরণ ২৩৯৮৮০০০০/-টাকা ঋণ আদায়= ১৬১১০৮৫১৭/-টাকা ঋণ আদায়ের হার ৬৭% অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। শাখা ব্যবস্থাপক আরো জানান,আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের নিজস্ব ভবন নির্মাণের কাজ প্রায় শেষের দিকে আগামী ১মাসের মধ্যে আমরা আমাদের নিজস্ব ভবনে কার্যক্রম শুরু করতে পারবেন বলে আশাবাদ ব্যক্ত করেন । | ক. ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে এবং আমার বাড়ী আমার খামার এর নিজস্ব ভবনে অফিস কার্যক্রম পরিচালনা শুরু করার জন্য বলা হলো । | ক. সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার। |
| ১৯ | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ক. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর(ইউডিএফ) জনাব মোঃ আশরাফুল আলম সভায় জানান, ইউজিডিপি'র আওতায় (৫ম পর্যায়ে) বাস্তবায়নের জন্য ১০ (দশ) লক্ষ টাকার সক্ষমতা উন্নয়নের ০৬ টি প্রকল্পের ট্রেনিং এর কার্যক্রম চলমান আছে । অপরদিকে ৪০(চল্লিশ) লক্ষ টাকার ১ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের টেন্ডার পরবর্তী NOA ইস্যু করা হয়েছে । | ক. উপজেলা পরিচলনা ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) এর আওতায় বাস্তবায়নের জন্য সক্ষমতা ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলোর বাস্তবায়নের সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় । | ক. ইউডিএফ, উপজেলা পরিষদ । |
| ২১ | উপজেলা পাট কর্মকর্তা | | | উপজেলা পাট কর্মকর্তা |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২২ | বিবিধ আলোচনা | ক. উপজেলা পরিষদের চেয়ারম্যান জানান, স্ট্যান্ডিং কমেটির মিটিং গুলো নিয়মিত হচ্ছে না । যথা নিয়মে স্ট্যান্ডিং কমিটির মিটিং করার জন্য অনুরোধ করেন ।<br><br>খ.স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ (২৬ মার্চ,২০২২) উদযাপনের জন্য ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার প্রশাসনিক অনুমোদন পাওয়া যায় । | ক.স্ট্যান্ডিং কমিটির সভাপতিবৃন্দ স্ব-স্ব স্ট্যান্ডিং কমিটির মিটিং অনুষ্ঠিত করে রেজুলেশন প্রেরণ করবেন ।<br>খ.উক্ত ব্যায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে । | স্ব-স্ব দপ্তরের কর্মকর্তা বৃন্দ<br><br>উপজেলা নির্বাহী অফিসার । |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২১/০৩

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গিয়াস উদ্দিন পাঠান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর ।

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২২-২৮২ তারিখ ঃ ২১-০৩-২০২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। আলহাজ্ব ডাঃ মোঃ মুরাদ হাসান, এমপি,-১৪১ জামালপুর-৪
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও স্থানীয় সরকার বিভাগ, সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, জামালপুর।
০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৭। জনাব ........................................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

০১। উপজেলা ..............................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,..........................................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব ........................................................................................

২১.০৩.২২

(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোন নং- ০৯৮২৭-৫৬০১৮
Email-unosarishabari@mopa.gov.bd